



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১



## প্রেস বিজ্ঞপ্তি

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সোনালী ব্যাংকের সমরোতা চুক্তি স্বাক্ষর ।।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৩ ডিসেম্বর ২০২০।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সোনালী ব্যাংকের সমরোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ মো. মনজুরুল হক এবং সোনালী ব্যাংকের পক্ষে প্রিসিপাল অফিসের ডেপুটি জেনারেল ম্যানেজার তানজিমুল ইসলাম সমরোতা চুক্তিতে স্বাক্ষর করেন। আজ বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসনিক ভবনের কাউন্সিল কক্ষে বেলা বারোটায় এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অনলাইনে যুক্ত হয়ে উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম সোনালী ব্যাংক কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। এ সময় উপাচার্য আশা প্রকাশ করেন, সোনালী ব্যাংক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, অফিসার, কর্মচারি এবং অন্যান্য সকলে পারস্পরিক সহযোগিতা ও সম্মান বজায় রেখে ব্যাংকিং সেবা প্রদান এবং গ্রহণ করবেন। সোনালী ব্যাংকের প্রধান কার্যালয়ের ডেপুটি ম্যানেজার ডি঱েন্টের মুরশেদুল কবীর বলেন, সেবার মানসিকতা নিয়ে সোনালী ব্যাংক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে তাদের কার্যক্রম পরিচালনা করবে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার রহিমা কানিজ, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ. মামুন, সম্পাদক অধ্যাপক আমজাদ হোসেন, ভারপ্রাপ্ত কম্পট্রোলার মোসানুল কবীর, অফিসার সমিতির সভাপতি ডেপুটি রেজিস্ট্রার আবু হাসান, সাধারণ সম্পাদক ডেপুটি রেজিস্ট্রার আ. রহমান, কর্মচারি সমিতির সভাপতি মনির হোসেন ভূইয়া, কর্মচারি ইউনিয়নের সভাপতি শরীফ মিয়া প্রমুখ। সোনালী ব্যাংকের প্রতিনিধিদের মধ্যে এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার শাহানাজ বেগম, সোনালী ব্যাংকের সাভার ক্যান্টনমেন্ট শাখার ম্যানেজার জিল্লার রহমান সিদ্দিকী প্রমুখ উপস্থিত ছিলেন।

এই সমরোতা চুক্তির আওতায় সোনালী ব্যাংক অবিলম্বে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে একটি ‘উপশাখা’ চালু করবে। সাভার ক্যান্টনমেন্ট শাখার আওতাধীন এই উপশাখা হতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, অফিসার, কর্মচারি এবং অন্যান্যদের ঋণসহ সকল ধরনের ব্যাংকিং সেবা কার্যক্রম পরিচালনা করা হবে।

*S.M.A*

মো. আবদুস সালাম মি.এঞ্চ  
পরিচালক (ভারপ্রাপ্ত)

